Critical Care

ক্রিটিক্যাল কেয়ার

# Critical Illness Coverage you need when it counts the most

# মারাত্মক রোগের জন্য বীমা নিরাপত্তা যখন আপনার এটি সবচেয়ে বেশি প্রয়োজন



MetLife

Navigating life together

## Introduction

"CRITICAL CARE" is a special Rider designed to provide you and your family with the necessary financial protection in case of diagnosis of or actual undergoing of surgery for, as the case may be, any of the following twenty five critical illnesses as defined in the Policy Document:

1. Stroke
2. Cancer (Except Skin Cancer)
3. First Heart Attack
4. Coronary Artery Surgery
5. Other Serious Coronary Artery Diseases
6 Heart Valve Replacement
7. Major Burns
8. Blindness
9. Pulmonary Arterial Hypertension (Primary)
10. End-Stage Lung Disease
11. Kidney Failure
12. Surgery to Aorta
13. Aplastic Anaemia
14. Major Organ Transplant
15. Loss of Hearing
16. Loss of Speech
17. Muscular Dystrophy
18. Alzheimer's Disease/ Irreversible Organic Degenerative Brain Disorders
19. Motor Neurone Disease
20. Parkinson's Disease
21. Coma
22. Benign Brain Tumour
23. Major Head Trauma
24. Bacterial Meningitis
25. Paralysis

Please note that, the Policy Document will have precise definitions of the above critical illnesses, and any benefit under this Policy would be payable if an illness meets criteria as specified in that definition of the Policy Document.

## ভূমিকা

"ক্রিটিক্যাল কেয়ার" একটি বিশেষ রাইডার যা আপনাকে এবং আপনার পরিবারকে আর্থিক সুরক্ষা দেয়ার জন্য তৈরি করা হয়েছে, যদি বীমাপত্রে সংজ্ঞায়িত নিম্নলিখিত ২৫টি মারাত্মক রোগের যে কোন একটি অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থা পরীক্ষার মাধ্যমে নির্ণীত হয় বা উক্ত অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থার কারণে শল্য চিকিৎসার শরণাপন্ন হতে হয় (যে ক্ষেত্রে যা প্রযোজ্য):

১. স্ট্রোক
২. ক্যান্সার (স্কিন ক্যান্সার ব্যতীত)
৩. প্রথম হার্ট অ্যাটাক
৪. করোনারি আর্টারি সার্জারি
৫. অন্যান্য মারাত্মক করোনারি আর্টারির রোগ
৬. হার্টের ভাল্ভ প্রতিস্থাপন
৭. মারাত্মকভাবে অগ্নিদগ্ধ হওয়া
৮. অন্ধত্ব
৯. পালমোনারি আর্টারিয়াল হাইপারটেনশন্ (প্রাথমিক)
১০. অন্তিম পর্যায়ের ফুসফুসের রোগ
১১. কিডনি অকেজো হওয়া
১২. অ্যাওর্টা (মহাধমনীর) সার্জারি
১৩. অ্যাপ্লাস্টিক অ্যানিমিয়া (বিশেষ ধরনের রক্ত শূণ্যতা)
১৪. প্রধান অঙ্গ প্রতিস্থাপন
১৫. শ্রবণশক্তি হারানো
১৬. বাকশক্তি হারানো
১৭. মাসকুলার ডিস্ট্রফি (মাংশপেশীর অসুস্থতা)
১৮. আলজেইমার ব্যাধি/অপরিবর্তনীয় মস্তিষ্ক ক্ষয়কারী ব্যাধি
১৯. মোটর নিউরন অসুস্থতা
২০. পারকিনসনস্ ব্যাধি
২১. কোমা
২২. বিনাইন ব্রেইন (Brain) টিউমার
২৩. মাথায় গুরুতর আঘাত
২৪. ব্যাকটেরিয়াজনিত মেনিনজাইটিস্
২৫. পক্ষাঘাত

দয়া করে মনে রাখবেন যে, উপরোক্ত মারাত্মক রোগসমূহের সুনির্দিষ্ট সংজ্ঞা বীমা চুক্তিপত্রে লিপিবদ্ধ থাকবে, এবং কোন রোগের বীমা চুক্তিপত্র মোতাবেক সংজ্ঞায় বর্ণিত সব শর্তাবলী পূরণ সাপেক্ষে বীমা সুবিধা প্রদান করা হবে।

## Ask yourself for a moment:

- What would you do if you suffered from any of these listed illnesses?
- How would you cope financially?
- What kind of burden would it put on you and your family?
- Where would the money come from?

"CRITICAL CARE" is the convenient and affordable critical illness protection Rider that is specifically designed to protect you and your family in the event of 25 Critical illnesses, as defined in the Policy document, related health crisis that may strike any of us, anytime, anywhere.

## Eligibility

- Issue Age: This Rider is offered to anyone in good health and who is between 18-59 years of age.
- Expiry Age: 65 years of age or expiration of basic policy term, whichever is earlier.
- Premium Paying Mode: Annual, Semi-annual, Quarterly and monthly (same as basic life Policy).

## নিজেকে এক মুহুর্তের জন্য প্রশ্ন করুন:

- যদি তালিকাভুক্ত মারাত্মক রোগের যে কোন একটিতে আক্রান্ত হন তাহলে আপনি কী করবেন?
- আপনি কিভাবে আর্থিক দিকটা সামলাবেন?
- এটা আপনার ও আপনার পরিবারের উপর কী ধরনের বোঝা হয়ে দাঁড়াবে?
- টাকা আসবে কোথা থেকে?

"ক্রিটিক্যাল কেয়ার" হচ্ছে মারাত্মক রোগ(Critical Illness) সংক্রান্ত একটি সুবিধাজনক ও সুলভ সুরক্ষা রাইডার যা আপনার এবং আপনার পরিবারের সদস্যদের বীমাপত্রে সংজ্ঞায়িত ২৫টি মারাত্মক রোগ সম্পর্কিত স্বাস্থ্য সমস্যার ঝুঁকি থেকে সুরক্ষার জন্য তৈরি করা হয়েছে যা আমাদের যে কারও ক্ষেত্রে, যেকোন সময়, যেকোন স্থানে ঘটতে পারে।

## রাইডার নেওয়ার যোগ্যতা

- রাইডার নেওয়ার বয়স: যে কোন ব্যক্তি এই রাইডার নিতে পারেন, যদি তার বয়স ১৮-৫৯ এর মধ্যে হয় এবং তিনি সুস্বাস্থ্যের অধিকারী হন।
- অবসানের বয়স: ৬৫ বছর বয়স বা মূল পলিসির প্রিমিয়াম প্রদানকালের সমাপ্তি, যেটি আগে ঘটবে।
- প্রিমিয়াম প্রদানের ধরনঃ বার্ষিক, ষাণ্মাসিক, ত্রৈমাসিক, এবং মাসিক (আপনার মূল লাইফ পলিসির অনুরূপ)।



## Questions & Answers

### What if I am already covered under another Policy?

Regardless of any other insurance program you have, you will receive the full benefit of this Rider.

### Is there any exclusion?

Pre-existing medical conditions related to Critical Illnesses are excluded. Also, the normal exclusions that apply to most insurance Policies are applicable. (Please refer to Policy document for details.)

### Is there a waiting period before I can claim for a Dread Disease?

180 days since Policy Effective Date or Policy Reinstatement Date, whichever is later. Only those Critical Illnesses that are first diagnosed or for which surgery has been done after 180 days waiting period are covered by this Policy.

## You Can Depend on “Critical Care”

At MetLife we care and believe that the most important thing for us is to make sure that all our clients are well protected in case they are diagnosed with or actually undergone a surgery for, as the case may be, any of the twenty five critical illnesses listed in the beginning of the brochure.

When time is critical and you require immedate medical attention, Critical Care will provide you with Lump Sum Payment of up to BDT 40,00,000- payable upon diagnosis of or actual undergoing of surgery for, as the case may be, on critical illness only. Therefore, you can really depend on Critical Care.

## Schedule of Benefits

- Critical Care: Maximum benefit BDT 40,00,000 & minimum benefit BDT 2,00,000.
- You can choose any amount as critical care coverage between BDT 200,000 and BDT 40,00,000. However, Critical Care Coverage should not exceed Aggregated Basic Face Amount.
- The Critical Illness Lump Sum Payment will be made only once under this Rider if you are diagnosed with or actually undergone a surgery for, as the case may be, any of the twenty five critical illnesses listed in the beginning of the brochure.

## প্রশ্ন এবং উত্তর

### যদি আমার অন্য পলিসি থেকে থাকে তা হলে কী হবে?

আপনার অন্য যেকোন পলিসি থাকলেও এই রাইডার থেকে আপনি পূর্ণ সুবিধা পাবেন।

### এই রাইডারের বীমা সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে কোন ব্যতিক্রম আছে কি?

মারাত্মক রোগসংক্রান্ত পূর্বে বিদ্যমান অবস্থার ক্ষেত্রে কোন বীমা সুবিধা প্রদান করা হবে না। এছাড়া অধিকাংশ বীমায় থাকে এমন সাধারণ ব্যতিক্রমসমূহ প্রযোজ্য হবে। (বিস্তারিত জানতে বীমা দলিল দেখুন)।

### মারাত্মক রোগের বিমা দাবির ক্ষেত্রে কোন অপেক্ষমান সময়কাল (Waiting period) আছে কি?

পলিসি চালুর তারিখ অথবা পুনর্বহালের তারিখ-এ দুটোর মধ্যে যে তারিখটি পরে সে তারিখ থেকে ১৮০ দিন পর্যন্ত। অপেক্ষমান ১৮০ দিনের পরে আওতাভুক্ত যেকোন মারাত্মক রোগ প্রথম বারের মত পরীক্ষার মাধ্যমে নির্ণীত হলে বা তার ফলে শল্য চিকিৎসা করলে বীমা সুবিধা প্রদান করা হবে।

## আপনি “ক্রিটিক্যাল কেয়ার” এর উপর নির্ভর করতে পারেন

মেটলাইফ-এ আমরা এ বিষয়ে যত্নবান এবং বিশ্বাস করি যে আমাদের সব বীমা গ্রহীতা এই পুস্তিকার শুরুতে উল্লিখিত ২৫টি মারাত্মক রোগের যে কোন একটি অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থা পরীক্ষার মাধ্যমে নির্ণীত হলে বা উক্ত অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থার কারণে শল্য চিকিৎসার শরণাপন্ন (যে ক্ষেত্রে যা প্রযোজ্য) হলে তাদের বীমা সুবিধা নিশ্চিত করা আমাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।

সংকটময় সময়ে যখন আপনার জরুরি চিকিৎসার প্রয়োজন হয়, “ক্রিটিক্যাল কেয়ার” তখন এককালীন ৪০,০০,০০০ টাকা পর্যন্ত প্রদান করবে যদি আপনি ২৫টি মারাত্মক রোগের যে কোন একটিতে অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থা পরীক্ষার মাধ্যমে নির্ণীত হন বা উক্ত অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থার কারণে আপনাকে শল্য চিকিৎসার শরণাপন্ন হতে হয় যে ক্ষেত্রে যা প্রযোজ্য)। কাজেই প্রকৃত অর্থেই আপনি “ক্রিটিক্যাল কেয়ার”-এর উপর নির্ভর করতে পারেন।

## বীমা সুবিধাদির তালিকা

- ক্রিটিক্যাল কেয়ার সর্বোচ্চ ৪০,০০,০০০ টাকা এবং সর্বনিম্ন ২,০০,০০০ টাকা প্রদান করে।
- আপনি ক্রিটিক্যাল কেয়ার কাভারেজ হিসেবে ২,০০,০০০ টাকা থেকে ৪০,০০,০০০ টাকার মধ্যে যেকোনো অ্যামাউন্ট বেছে নিতে পারেন। তবে ক্রিটিক্যাল কেয়ার কাভারেজ, সমষ্টিগত মূল পলিসির ফেস অ্যামাউন্ট থেকে বেশি হতে পারবে না।
- মারাত্মক অসুস্থতাজনিত এককালীন আর্থিক সুবিধা আপনাকে একবারই প্রদান করা হবে যদি পুস্তিকার শুরুতে উল্লিখিত ২৫টি রোগের যে কোন একটিতে অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থা পরীক্ষার মাধ্যমে নির্ণীত হন বা উক্ত অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থার কারণে আপনাকে শল্য চিকিৎসার শরণাপন্ন হতে হয় (যে ক্ষেত্রে যা প্রযোজ্য)।

## Critical Care Premium Rate

| Age | Annual premium rate (per 1000 Taka coverage amount) |
|---|---|
| 18-29 | 3.696 |
| 30-34 | 5.036 |
| 35-39 | 7.980 |
| 40-44 | 15.411 |
| 45-49 | 26.802 |
| 50-54 | 46.904 |
| 55-59 | 79.065 |

## Remember, "CRITICAL CARE"

- Is the coverage you need when it counts the most.
- Guarantees worldwide coverage.

## Disclaimers

1. The term "Rider" wherever used herein shall mean and include any supplementary contract(s) attached with the basic Policy. This Rider is not a standalone product and it requires a basic Policy (the information/list of eligible basic Policy will be available to MetLife Financial Associate(s) and the required basic Policy(ies) shall be determined by MetLife) to become operative. The Rider (if any) attached with the basic Policy, will be automatically terminated on the termination and/or expiry date of the Rider or at the end of the Premium payment term, whichever is earlier.
2. This Rider is underwritten by American Life Insurance Company ('MetLife') and is always subject to terms and conditions of the basic Policy and Rider issued by MetLife. The information contained in this Brochure is intended only for general understanding of the customers. The detailed terms, conditions and exclu sions are included in the contract of insurance. For any discrepancies between the information contained herein and contract of insurance, the later shall prevail.
3. If any discrepancies are found between Bangla and English version of this Brochure, English version shall be considered as correct.
4. This Rider is not available in the United States, or offered to U.S. persons; for purposes of this statement, a U.S. person is a citizen or resident of United States (including a U.S. permanent resident residing outside the U.S.), U.S. partnership and any trust that is controlled by one or more U.S. persons and is subject to the supervision of a U.S. Court.

## মনে রাখুন, "ক্রিটিক্যাল কেয়ার"

- সেই ধরনের বীমা সুবিধা যা সংকটকালীন সময়ে আপনার সবচেয়ে বেশি প্রয়োজন।
- বিশ্বব্যাপী বীমা সুবিধার নিশ্চয়তা দেয়।

## দায় অস্বীকারমূলক বিবৃতি

১। যেখানেই ব্যবহৃত হোক "রাইডার" শব্দটি বলতে যেকোনো সম্পূরক চুক্তি(সমূহ)কে বুঝাবে এবং অন্তর্ভুক্ত করবে, যা মূল পলিসির সাথে সংযুক্ত। রাইডার স্বতন্ত্র কোন পণ্য নয় এবং এটি সক্রিয় করতে একটি মূল পলিসির (মূল পলিসির তথ্য/তালিকা মেটলাইফ ফিনান্সিয়াল অ্যাসোসিয়েট(দের) কাছে পাওয়া যাবে এবং আবশ্যিক মূল পলিসি(সমূহ) মেটলাইফ কর্তৃক নির্ধারিত হবে) প্রয়োজন হয়। মূল পলিসির সাথে রাইডার (যদি থাকে) সংযুক্ত থাকে, রাইডারটি অবসান এবং/অথবা মেয়াদপূর্তির তারিখে স্বয়ংক্রিয়ভাবে অবসান হবে অথবা প্রিমিয়াম প্রদানের মেয়াদ শেষে, যেটি আগে ঘটে।

২। এই রাইডারটি আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী ('মেটলাইফ') কর্তৃক অবলিখিত এবং সর্বদা মূল পলিসি ও রাইডারের শর্তাদি ও শর্তাবলী সাপেক্ষে জারিকৃত। এই ব্রোশিওরের তথ্যসমূহ গ্রাহকদের শুধু সাধারণ ধারণা প্রদানের জন্য ব্যবহৃত হয়েছে। শর্তাদি, শর্তাবলী ও ব্যতিক্রমসমূহ বিস্তারিতভাবে বীমা চুক্তিপত্রে অন্তর্ভুক্ত আছে। এখানে অন্তর্ভুক্ত তথ্য এবং বীমা চুক্তিপত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে, বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। এই ব্রোশিওরের বাংলা এবং ইংরেজি সংস্করণে যদি কোন অসামঞ্জস্যতা দেখা দেয়, তবে ইংরেজি সংস্করণ সঠিক হিসাবে বিবেচিত হবে।

৪। এই রাইডারটি যুক্তরাষ্ট্রে পাওয়া যাবে না বা যুক্তরাষ্ট্রের ব্যক্তিদের জন্য প্রযোজ্য নয়; এই বক্তব্যের প্রেক্ষিতে একজন যুক্তরাষ্ট্রের ব্যক্তি বলতে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক বা যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যক্তি (যুক্তরাষ্ট্রের বাইরে বসবাসকারী যুক্তরাষ্ট্রের একজন স্থায়ী বাসিন্দাও এর অন্তর্ভুক্ত), যুক্তরাষ্ট্রের অংশীদারি প্রতিষ্ঠান এবং এমন কোন ট্রাস্ট যা যুক্তরাষ্ট্রের এক বা একাধিক ব্যক্তি কর্তৃক নিয়ন্ত্রিত এবং যা যুক্তরাষ্ট্রের আদালতের তদারকির আওতাভুক্ত।

## মেটলাইফ

MetLife, Inc. (NYSE: MET), এর অংগ প্রতিষ্ঠান এবং সহযোগী প্রতিষ্ঠান ("MetLife") এর সমন্বয়ে বিশ্বের অন্যতম একটি আর্থিক সেবা প্রদানকারী কোম্পানি যা তার ব্যক্তি এবং প্রাতিষ্ঠানিক গ্রাহকদের বীমা, এ্যানুইটি, গ্রুপবীমা ও সম্পদ ব্যবস্থাপনা সেবা প্রদানের মাধ্যমে পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করে। ১৮৬৮ সালে প্রতিষ্ঠিত মেটলাইফ বিশ্বের ৪০ টিরও বেশি দেশে কার্যক্রম পরিচালনা করছে এবং যুক্তরাষ্ট্র, জাপান, লাতিন আমেরিকা, এশিয়া, ইউরোপ ও মধ্য প্রাচ্যের বাজারে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে। আরও তথ্যের জন্য, www.metlife.com দেখুন।

বাংলাদেশে, মেটলাইফ ১৯৯৭ সাল থেকে শীর্ষ স্থানীয় জীবন বীমাকারী। কোম্পানিটি বাংলাদেশে এক মিলিয়নেরও বেশি স্বতন্ত্র গ্রাহক এবং ৮০০-র ও বেশি প্রাতিষ্ঠানিক গ্রাহককে সেবা প্রদান করে চলেছে।

মেটলাইফ বাংলাদেশের জনগণকে উদ্ভাবনী মূলক, গ্রাহক কেন্দ্রিক পণ্য যেমন ব্যক্তিগত ও গোষ্ঠী জীবনবীমা, পেনশন স্কিম, শিশুদের জন্য শিক্ষাবীমা, শরীয়াহ ভিত্তিক (তাকাফুল) বীমা স্কিম এবং দুর্ঘটনা ও স্বাস্থ্য বীমা পণ্যের মাধ্যমে আর্থিক সুরক্ষা প্রদান করে। এই সমাধানগুলি গ্রাহকদের ক্রমবর্ধমান চাহিদা অনুসারে ডিজাইন করা হয়েছে।

নেতৃস্থানীয় জীবনবীমা কোম্পানি হিসেবে মেটলাইফ দেশের বীমাখাত, অর্থনীতি এবং সম্প্রদায়ে ইতিবাচকভাবে অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। মেটলাইফ বাংলাদেশের অন্যতম বৃহৎ কর প্রদানকারী প্রতিষ্ঠান এবং সর্বোচ্চ 'AAA' ক্রেডিট রেটিং অর্জনকারী প্রতিষ্ঠান।


**হটলাইন: ১৬৩৪৪ অথবা ০৯৬৬৬৭১৬৩৪৪**

**ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৮৬৮২**

**www.metlife.com.bd**

**american.life@metlife.com.bd**

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী, মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ, পি.ও বক্স ৯, ঢাকা-১০০০, বাংলাদেশ।



আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী যুক্তরাষ্ট্রে লিমিটেড কোম্পানি হিসেবে নিগমিত।


মেটলাইফের সকল আপডেট পেতে এই মাধ্যমগুলোতেও আমাদের সাথে থাকুন :


AS/2022-10/CC/002/JP-10,000